


যুগান্তর

পুনঃনিরীক্ষণের ফল প্রকাশ

ঢাকা ও মাদ্রাসা বোর্ডে আরও ১৭১ জন পেলেন জিপিএ-৫

প্রকাশ : ১৯ আগস্ট ২০১৮, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

 যুগান্তর রিপোর্ট

এইচএসসি পরীক্ষার পুনঃনিরীক্ষণের ফল শনিবার প্রকাশিত হয়েছে। ঢাকা ও মাদ্রাসা বোর্ডে ১ হাজার ৯৬০ জন শিক্ষার্থীর ফল পরিবর্তন হয়েছে। নতুন করে ১৭১ শিক্ষার্থী পেয়েছে জিপিএ-৫। ফেল থেকে পাস করেছে ৫৫৯ জন।

ঢাকা শিক্ষা বোর্ডে ৪৬ হাজার ৩৭০ প্রার্থী ফল চ্যালেঞ্জ করে আবেদন করেছিল। তারা ১ লাখ ৩৪ হাজার ১০২টি খাতা চ্যালেঞ্জ করে। এরমধ্যে ১ হাজার ৮৮৮ জনের ফল পরিবর্তন হয়েছে। ৫৪০ জনই ফেল করেছিল। তারা পরিবর্তিত ফলে পাস করেছে। এছাড়া ১৬৪ জন নতুন করে জিপিএ-৫ পেয়েছে। মাদ্রাসা বোর্ডে ফল চ্যালেঞ্জ করে ৪ হাজার ৯২৩ জন। তারা ১০ হাজার ৭৯৮টি খাতার পুনঃনিরীক্ষণ চায়। এরমধ্যে মোট ফল পরিবর্তন হয় ৭২ জনের। নতুন করে জিপিএ-৫ পেয়েছে ৭ জন। ফেল থেকে পাস করেছে ১৯ জন।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৮ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।